



((address_line_1))
((address_line_2))
((address_line_3))
((address_line_4))
((address_line_5))
((address_line_6))
((address_line_7))

তারিখ: ((date))
এনএইচএস নম্বর: ((nhsNumber))

একটি এনএইচএস স্প্রিং কোভিড -19 ভ্যাকসিন বুক করা

প্রিয় ((fullName)),

আপনি বিনামূল্যে প্রদত্ত একটি এনএইচএস স্প্রিং কোভিড -19 ভ্যাকসিন বুক করতে পারেন। এর কারণ হলো আপনার এনএইচএস রেকর্ড নির্দেশ করে যে আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা হয়তো **দুর্বল** থাকতে পারে। আপনি ভ্যাকসিন পাওয়ার আগে আমরা এটি নিশ্চিত করতে হবে।

যেভাবে একটি অ্যাপয়েন্টমেন্ট পাবেন

- NHS অ্যাপ বা এই ঠিকানায় অনলাইনে www.nhs.uk/book-covid বুক করুন
- www.nhs.uk/covid-walk-in থেকে একটি ওয়াক-ইন সাইট খুঁজে পাবেন।

আপনাকে **17 জুন 2025** এর আগে বুক করতে হবে। আপনার টিকা পাওয়ার এটিই সর্বশেষ তারিখ।

যদি আপনার সহায়তার প্রয়োজন হয়

অনলাইনে সংযুক্ত হতে না পারলে ফোন করুন **119** নম্বরে। অনুবাদক পাওয়া যাবে। আপনি টেক্সট ফোন **18001 119** -ও ব্যবহার করতে পারেন অথবা

www.signvideo.co.uk/nhs119 থেকে এনএইচএস ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ (বিএসএল) সেবাও ব্যবহার করতে পারেন।

যদি আপনি বাসায় আপনার পরিচর্যা পেয়ে থাকেন, তাহলে হোম ভিজিটের জন্য আপনার জিপি সার্জারির সাথে যোগাযোগ করুন। যদি তারা এর ব্যবস্থা করতে না পারে, তাহলে www.england.nhs.uk/covid-vaccination-contacts – এ সহযোগিতা পাবেন।

এই আমন্ত্রণটির অন্যান্য ফরম্যাটও পাওয়া যায়। ইজি রিড, অডিয়ো, বিএসএল এবং অনুবাদের জন্য, এই ওয়েবসাইটে যান: www.england.nhs.uk/seasonal-invites.

এনএইচএস কেন স্প্রিং কোভিড-19 টিকা প্রদান করছে

কোভিড-19 সংক্রমণ সারা বছরই হয় এবং এটি এড়িয়ে যাওয়া কঠিন হতে পারে। আপনার সুরক্ষাকে টপ আপ করা গুরুত্বপূর্ণ কারণ এটি সময়ের সাথে সাথে দুর্বল হয়ে যায় এবং ধরণের পরিবর্তন হতে পারে।

যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল তাদের কোভিড-19 এর কারণে গুরুতর অসুস্থ হওয়ার ঝুঁকি বেশি থাকে। স্প্রিং কোভিড-19 ভ্যাক্সিন গ্রহণ আপনার গুরুতর উপসর্গ দেখা দেওয়া ঝুঁকি হ্রাস করবে। আপনি আরো পড়তে পারবেন এখানে: www.nhs.uk/covidvaccination.

আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল কি না তা যাচাই করুন

আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হতে পারে যদি আপনার:

- ব্লাড ক্যান্সার থাকে বা অতীতে ছিল (লিউকেমিয়া, লিম্ফোমা বা মায়েলোমা)
- কোনো অঙ্গ, অস্থিমজ্জা বা স্টেম সেল প্রতিস্থাপন হয়ে থাকে
- এইচআইভি থাকে
- কোনো জেনেটিক ডিজঅর্ডার থাকে যা আপনার রোগ প্রতিরোধ ক্ষমতাকে প্রভাবিত করে
- কেমোথেরাপি, বায়োলজিকাল থেরাপি বা রেডিয়োথেরাপি পাচ্ছেন বা সম্প্রতি পেয়েছেন

- স্টেরয়েড মেডিসিন গ্রহণ করেন, নির্ভর করবে আপনার ডোজের উপর
- ইমিউনোসাপ্রেসিভ ট্রিটমেন্ট পাচ্ছেন।

এই তালিকাটি একটি সারসংক্ষেপ এবং এটি সবকিছুকে অন্তর্ভুক্ত করে না। আপনি নিশ্চিত না হলে আপনার ফার্মাসিস্ট, জিপি সার্জারি বা বিশেষজ্ঞের সাথে কথা বলুন।

আপনার একান্ত,

এনএইচএস ইংল্যান্ড ভ্যাকসিনেশন টিম

তথ্য সুরক্ষা: এনএইচএস ইংল্যান্ড জাতীয় টিকাদান কর্মসূচির উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের দায়িত্বে রয়েছে। আরো বিস্তারিত জানতে আপনি আমাদের গোপনীয়তার নোটিশটি দেখতে পারেন এখানে: www.england.nhs.uk/contact-us/privacy-notice. এই আমন্ত্রণ সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, এই ঠিকানায় যান www.england.nhs.uk/invite-enquiry. **অপ্ট আউট করতে:** www.nhs.uk/covid-invite-preferences.